

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
১৫২/১, এস.ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা
www.cevccomilla.gov.bd

মুসক অব্যাহতির প্রত্যয়নপত্র

জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর. ও নং- ১৫৪-আইন/২০০৫/৪৪৫-মুসক, তারিখ: ০৯/০৬/২০০৫ খ্রি, এস.আর. ও নং- ১১০-আইন/২০১৪/৭০৫-মুসক, তারিখ: ০৫/০৬/২০১৪ খ্রিস্টাব্দ, ও এস.আর.ও নং-১৮৮-আইন/২০১২/৬৪৬/মুসক, তারিখ: ০৭/০৬/২০১২ খ্রিস্টাব্দ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ০৭/মুসক/২০০৫, তারিখ: ০৯/০৬/২০০৫ খ্রি: ও সাধারণ আদেশ নং- ১৯/মুসক/২০০৭, তারিখ: ২৮/০৮/২০১৭ খ্রি: এ প্রদত্ত ক্ষমতাবলে এই দপ্তরের অধিক্ষেত্রে অবস্থিত মূল্য সংযোজন কর নিবন্ধিত এবং শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান হিসাবে ঘোষিত মেসার্স সুরতী টেক্সটাইল বাংলাদেশ লিমিটেড, প্লট নং-২২০-২২৭, কুমিল্লা ইপিজেট, কুমিল্লা (মুসক নিবন্ধন নং-০০০৩১০৭৮৬) কে তাঁদের আবেদনের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানী কাজে ব্যবহৃত বিদ্যুৎ মিটার নং-১৫৩৫২২১৬ ও ১৫৩৫২২৮২, গ্যাস মিটার নং-১২৬৫৫৪, টেলিফোন নং-৭৩৬৩১ ও ৭৩৬২১ এর বিল এবং যোগানদার, সিকিউরিটি সার্ভিস, পরিবহন ঠিকাদার এর উপর আরোপনীয় মূল্য সংযোজন কর হতে নিম্নবর্ণিত হারে মুসক অব্যাহতির জন্য এতদ্বারা আদেশ প্রদান করা হলঃ

নামকরণ কোড/সেবার কোড	পণ্য/সেবার বিবরণ	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
S ০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	৮০ (আশি) শতাংশ
২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	৮০ (আশি) শতাংশ
S ০১২.০০	টেলিফোন	৬০ (ষাট) শতাংশ
S ০৩৭.০০	যোগানদার	১০০ (একশত) শতাংশ
S ০৪০.০০	সিকিউরিটি সার্ভিস	১০০ (একশত) শতাংশ
S ০৪৮.০০	পরিবহন ঠিকাদার	১০০ (একশত) শতাংশ

শর্তাবলী:

- এ অব্যাহতির আদেশ জানুয়ারী/২০১৮ মাসের বিল থেকে কার্যকর হবে এবং পরবর্তী দুই বৎসর পর্যন্ত বহাল থাকবে;
- উল্লিখিত বিদ্যুৎ মিটার/গ্যাস মিটার আলোচ্য প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত থাকতে হবে এবং এগুলো প্রতিষ্ঠানের নিবন্ধিত প্রাঙ্গণ/অফিসে সংস্থাপিত থাকতে হবে;
- সংশ্লিষ্ট শিল্পে উল্লিখিত সেবা রপ্তানী সহায়ক কাজে ব্যবহৃত হতে হবে;
- এ আদেশের আওতায় প্রতি মাসের অব্যাহতি প্রাপ্ত মুসক-সংশ্লিষ্ট তথ্য উপরে বর্ণিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক এর ছক মোতাবেক সংশ্লিষ্ট দলিলাদিসহ বিভাগীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে;
- প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC কপি স্থানীয় মুসক কার্যালয়ে দাখিল করতে হবে;
- উপর্যুক্ত সাধারণ আদেশের বিধান যথাযথভাবে পরিপালনে ব্যর্থ হলে অব্যাহতির সুবিধা বাতিল করা হবে।

- প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত তথ্য ও প্রামাণ্য কাগজপত্রের ভিত্তিতে এই প্রত্যয়নপত্র প্রদান করা হল। পরবর্তী সময়ে উপস্থাপিত তথ্যে কোন গরমিল পাওয়া গেলে কিংবা কোন তথ্য অসত্য বলে প্রমাণিত হলে এই অব্যাহতির সুবিধা বাতিলসহ প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ মাহবুবুলজ্জামান)

কমিশনার (চলতি দায়িত্ব)

ফোন: ০৮১-৬৯২৯১

E-mail: cevccomilla@gmail.com

স্মারক নম্বর: ৪র্থ/এ(১২)১৭/মূসক/অব্যাহতি/সুরতী/২০১৫


/১৬২০(১-৭)

তারিখ:

২৪ জ্যৈষ্ঠ ১৪২৫
০৭ মে ২০১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড, কুমিল্লা।
- ২। মহা-ব্যবস্থাপক, বেপজা, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা।
- ৩। ~~ক্রিয়াকর্মী প্রকৌশলী~~, ই/ম বিভাগ, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড, রেইসকোর্স, কুমিল্লা।
- ৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কুমিল্লা বিভাগ, কুমিল্লা।
- ৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, কমিশনারেট, কুমিল্লা। আপনাকে প্রত্যয়নপত্রটি এ দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, সদর সার্কেল, কুমিল্লা। আপনাকে প্রতি মাসে দাখিলপত্রের সাথে PRC কপি দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। মেসার্স সুরতী টেক্সটাইল বাংলাদেশ লিমিটেড, প্লট নং-২২০-২২৭, কুমিল্লা ইপিজেড, কুমিল্লা।



(তপন কুমার চক্রবর্তী)

উপ-কমিশনার

কমিশনারের পক্ষে।

